

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : রোকসানা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।


সভার তারিখ ও সময় : ১১/১০/২০২১ খ্রি. সকাল ১১-০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতি/স্বাক্ষর পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা হিসাবরক্ষন কর্মকর্তা ও কমিটির সদস্য সচিবকে অনুরোধ করেন। তিনি বলেন, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৩৮ অনুযায়ী কটিয়াদী উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের খসড়া বাজেট প্রণয়ন করা হয়। প্রণীত বাজেট জুন/২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদিত ও পাশ করা হয়।

এখানে উল্লেখ্য যে, কটিয়াদী উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩,০০,০০,০০০/- টাকা এবং ব্যয় ২,৩২,০০,০০০/- টাকা। ফলে রাজস্ব উদ্বৃত্ত দাড়ায় ৬৮,০০,০০০/- টাকা। উন্নয়ন বাজেটের প্রধান উৎস জাতীয় সরকারের এডিপি সহায়তা। ২০২০-২০২১ অর্থ বছরের এডিপি বরাদ্দ ৭৬,৯২,০০০/- টাকার প্রাক্কলন করা হয় এবং গত অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত থেকে ২,০৭,০০,০০০/- টাকা উন্নয়ন বাজেটে স্থানান্তর করার মাধ্যমে মোট ২,৮৩,৯২,০০০/- টাকার উন্নয়ন বাজেট প্রণীত হয়। এই সীমিত অর্থে বিশাল এলাকা ও জনগোষ্ঠীর চাহিদা অনুযায়ী উন্নয়ন সম্ভব নয়। তবে স্থানীয় অগ্রাধিকার ও গুরুত্ব বিবেচনায় নিয়ে বিভিন্ন খাতে নির্ধারিত হার অনুযায়ী বরাদ্দ বন্টনের প্রয়াস নেয়া হয়।

এখানে আরও উল্লেখ্য যে, কটিয়াদী উপজেলা পরিষদ চলতি অর্থ বছর থেকে পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত পরিকল্পনায় পরিষদের উন্নয়ন বরাদ্দ ছাড়াও হস্তান্তরিত বিভাগসমূহের জাতীয় সরকারের অর্থায়নে উন্নয়ন কর্মকান্ড অন্তর্ভুক্ত করা হবে। সভায় বাজেটটি উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।


(রোকসানা)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা সংক্রান্ত কমিটি


কটিয়াদী, কিশোরগঞ্জ

তারিখ : ০৫/০৭/২০২১ খ্রি.

স্মারক নং-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ
২. উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ
৩. অফিস নথি



(মুহাম্মদ আবুল কালাম আজাদ)

উপজেলা হিসাবরক্ষন কর্মকর্তা

ও





সদস্য সচিব

অর্থ, বাজেট, পরিকল্পনা সংক্রান্ত কমিটি

কটিয়াদী, কিশোরগঞ্জ

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভার হাজিরা :

তারিখ : ১১/১০/১১

ক্রঃ নং	নাম	পদবী/ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১.	জনাব রোকসানা	মহিলা ভাইস চেয়ারম্যান, উপঃ পরিঃ	সভাপতি	
২.	জনাব রেজাউল করিম শিকদার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সদস্য	
৩.	জনাব হায়দার মারুফা	চেয়ারম্যান, লোহাজুরী ইউপি	সদস্য	
৪.	জনাব আবু বকর সিদ্দিক	চেয়ারম্যান, মসুয়া ইউপি	সদস্য	
৫.	জনাব মুহাম্মদ আবুল কালাম আজাদ	উপজেলা হিসাবরক্ষণ কর্মঃ কটিয়াদী	সদস্য সচিব	